

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৪

৬. সদাচারণ ও ন্যায়নির্ণয় সংশ্লিষ্ট কিতাব (كتابُ البرِّ وَالْإِحْسَانِ)

পরিচেদঃ যে ব্যক্তি মুসলিমদের সাথে আচার-আচরণে কোমলতা অবলম্বন করে, তার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামে এর দু'আ আর যে তাদের সাথে কঠোরতা অবলম্বন করে, তাদের জন্য তাঁর বদ-দু'আ

ذِكْرُ دُعَاءِ الْمُصْنَطَفَيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِمَنْ رَفَقَ بِالْمُسْلِمِينَ فِي أُمُورِهِمْ مَعَ دُعَائِهِ عَلَى  
مَنِ اسْتَعْمَلَ ضِدَّهُ فِيهِمْ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ  
قَالَ: حَدَّثَنِي حَرْمَلَةُ بْنُ عَمْرَانَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شِمَاسَةَ قَالَ: أَتَيْتُ عَائِشَةَ أَسَأْلَهَا  
عَنْ شَيْءٍ فَقَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي بَيْتِي هَذَا: (اللَّهُمَّ  
مَنْ وَلَيَ مِنْ أَمْرِ أُمَّتِي شَيْئًا فَشَقَّ عَلَيْهِمْ فَاشْقُقْ عَلَيْهِ وَمَنْ وَلَيَ مِنْ أَمْرِ أُمَّتِي شَيْئًا فَرَفِقْ  
بِهِمْ فَارْفُقْ بِهِ).)

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 554 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৫৪. আব্দুর রহমান বিন শিমাসাহ বলেন, আমি একটা বিষয় সম্পর্কে জিজেস করার জন্য ‘আয়শা রাদিয়াল্লাহু আনহার কাছে গেলাম। তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আমার এই ঘরে বলতে শুনেছি, তিনি বলেছেন: “হে আল্লাহ, যে ব্যক্তি আমার উম্মতের কোন বিষয়ে দায়িত্ব গ্রহণ করে, সে যদি তাদের উপর কঠোরতা আরোপ করে, তবে তুমি তার উপর কঠোরতা করো আর যে ব্যক্তি আমার উম্মতের কোন বিষয়ে দায়িত্ব গ্রহণ করে, সে যদি তাদের উপর কোমলতা আরোপ করে, তবে তুমি তার উপর কোমলতা আরোপ করো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৯৩; সহীহ মুসলিম: ১৮২৮; বাগাবী, শারভস সুন্নাহ: ২৪৭১; সুনান বাইহাকী: ১০/১৩৬।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৪৫৬।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু শুমাসাহ (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89019>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন